



নাভানা গ্রুপের ভাইস চেয়ারম্যান শুভ্রসহ ৪ জনের জামিন



সাজেদুল ইসলাম | ছবি: সংগৃহীত

শ্রম আইন লঙ্ঘনের মামলায় গ্রেপ্তার হওয়া নাভানা গ্রুপের ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলাম শুভ্রসহ চার আসামির জামিন মঞ্জুর করেছেন আদালত।

বুধবার (২৪ জুন) ঢাকার প্রথম শ্রম আদালতের বিচারক গোলাম আজম তাদের জামিন আবেদন মঞ্জুর করেন। আদালত সূত্রে এ তথ্য জানা গেছে।

এর আগে একই দিন ভোরে তেজগাঁও শিল্পাঞ্চল থানা পুলিশ সাজেদুল ইসলাম শুভ্রকে গ্রেপ্তার করে আদালতে হাজির করে। পরে তিনি আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করেন।

একই মামলার অপর তিন আসামিও আদালতে আত্মসমর্পণ করে জামিন চান। শুনানি শেষে আদালত চারজনেরই জামিন মঞ্জুর করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আফতাব অটোমোবাইলসের এক সাবেক কর্মকর্তার পাওনা অর্থ পরিশোধ না করার অভিযোগে দায়ের করা শ্রম আইনের মামলায় সাজেদুল ইসলাম শুভ্রের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছিল।

মঙ্গলবার রাত থেকে তার বাসার সামনে অবস্থান নেয় পুলিশ। পরে বুধবার ভোরে তাকে গ্রেপ্তার করা হয়। মামলার পরবর্তী কার্যক্রম আদালতের নির্দেশনা অনুযায়ী চলবে।